

Digital Innovation of RHD

১. Tenderer Database:

সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)-এর তালিকাভুক্ত ঠিকাদারদের বিভিন্ন তথ্য (যে সব তথ্য দরপত্রে অংশ গ্রহণের জন্য প্রয়োজনীয়), ডকুমেন্ট Tenderer Database এ সংরক্ষণ করা হয়। এই সমস্ত ডাটা এবং ডকুমেন্টের মাধ্যমে Tenderer দেব Evaluation সম্পন্ন করা হয়।

২. Project Management System:

বার্ষিক উন্নয়ন প্রকল্পের (ADP) পাশাপাশি সরকারি বরাদ্দকৃত প্রকল্প, উপ প্রকল্প এবং প্রকল্পের উপাদান এর তথ্য প্রজেক্ট মনিটরিং সিস্টেম (PrMS) এর মাধ্যমে সংরক্ষণ ও মনিটরিং করা হয়। সওজ এর প্রধান কার্যালয় থেকে প্রতিটি প্রকল্পের আর্থিক করাদ করা হয় এবং প্রকল্প অফিস থেকে প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রজেক্ট মনিটরিং সিস্টেম এ সংরক্ষণ করা হয়। এর মাধ্যমে বার্ষিক উন্নয়ন প্রকল্প সমূহের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়।

৩. Vehicle Management System (VEMS):

সড়ক ও জনপথ অধিদপ্তর এবং এর আওতাধীন সব অফিসে ব্যবহৃত যানবাহন ও সাঁজসরঞ্জাম এর যাবতীয় তথ্য VEMS সংরক্ষণ করা হয়। যানবাহন ও সাঁজসরঞ্জাম এর ধরণ, চেসিস নং, মডেল, ইনভেন্টরী নং, ব্যাটারী সাইজ, এলটমেন্ট অফিস আরও অন্যান্য তথ্য সংরক্ষণ করা হয় এবং সড়ক ও জনপথ অধিদপ্তর ও মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী রিপোর্ট প্রদান করে থাকে।

৪. Online Road Network System:

অনলাইন রোড নেটওয়ার্ক সিস্টেম এ মহাসড়ক বা সড়কের ও সেতুর নম্বর, নাম, অবস্থান, দৈর্ঘ্য, প্রস্থ কয়েক সেকেন্ডেই পাওয়া সম্ভব। একই সাথে সড়কের/ সেতুর ট্রাফিক, সংস্কার, মেরামতের এর পূর্ণ বিবরণ পাওয়া যাবে এবং ব্যবহারকারী সড়কের/ সেতুর হালনাগাদকৃত ছবি দেখা যাবে। নির্বাচিত স্থানসমূহের দূরত্ব বা সর্বনিম্ন দূরত্ব ও গতিপথের পূর্ণ বিবরণ পাওয়া যাবে। নির্বাচিত স্থানসমূহের মধ্যে যাতায়াতের জন্য বিকল্প সড়ক সমূহ বেছে নিতে পারবে। নির্বাচিত অফিসের অধীন সড়ক, ব্রীজ, টোল প্লাজার তালিকাও পাওয়া যাবে।

৫. RHD Directory:

টেলিফোন ডিরেক্টরীতে সওজ অধিদপ্তরের সকল দপ্তর, কার্যালয়, কর্মকর্তাগণের অফিসিয়াল টেলিফোন নম্বর, মোবাইল নম্বর তালিকাভুক্ত করা হয়েছে। প্রয়োজনীয় টেলিফোন নম্বর খুব সহজেই খুঁজে বের করা যায় এবং যার যার PDS নিজেসই Print করতে পারেন। একজন অন্যজন এর PDS Print করতে পারে না।

৬. Bridge Album:

সেতু অ্যালবাম প্রণয়ের লক্ষ্যে ২০০৮-২০০৯ সাল থেকে নির্মিতব্য সেতুর তথ্য, কারিগরী ও আর্থিক তথ্যাদি সহ হালনাগাদ ছবিসম্বলিত তথ্য ভান্ডার তৈরী করা হয়েছে। ফলে জোনওয়ারী, মহাসড়কওয়ারী কিংবা দেশের অঞ্চল ভিত্তিক ও বছর/ সাল ভিত্তিক যে কোন সড়ক সেতুর প্রতিবেদন যে কোন সময় প্রনয়ণ করা সম্ভব। এ সফটওয়্যার ব্যবহার করে ভবিষ্যতে নির্মিতব্য সেতুর তথ্যাদি অব্যবহৃত ভাবে অন্তর্ভুক্ত করা যাবে। সেতুর এসব তথ্যাদি ভবিষ্যতে সেতুর নির্মাণ ও রক্ষণাবেক্ষণে সহায়তা করবে।

৭. CE, RHD Daily Meeting Schedule System:

Meeting Schedule System এ সড়ক ও জনপথ অধিদপ্তর এর প্রধান প্রকৌশলী মহোদয়ের প্রতিদিনের এবং পূর্বনির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য, সময়, স্থান ইত্যাদি ডাটাবেজে সংরক্ষণ করা হয়। এবং কম্পিউটার বা টিভি স্ক্রিনে দেখা

যায় এবং পূর্বনির্ধারিত সভা বা অনুষ্ঠানের তথ্য স্ক্রলিং করে দেখতে পারেন। ফলে প্রধান প্রকৌশলী মহোদয় সহজেই প্রতিদিনের এবং পূর্ব নির্ধারিত সভা সম্বন্ধে অবহিত হতে পারেন। Meeting Schedule System সওজ অন্যান্য প্রকৌশলীগণ ও ব্যবহার করতে পারেন।

৮. SMS Gateway:

সড়ক ও জনপথ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি বা পদায়ন এর অফিস আদেশ এবং অন্যান্য জরুরি ও প্রয়োজনীয় বার্তা SMS Gateway এর মাধ্যমে দ্রুত অবহিত করা সম্ভব হবে।

৯. PIMS- National ID, TIN, Driving License information integration:

সওজ এর কর্মকর্তা/ কর্মচারীদের পার্সোনাল ডাটাবেইজ এ জাতীয় পরিচয়পত্র নম্বর, আয়কর বিবরণী নম্বর, ড্রাইভিং লাইসেন্স নম্বর সংযুক্ত করা হয়েছে। ফলে কর্মকর্তা/ কর্মচারীগণ পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পার্সোনাল ডাটাসীট বিভিন্ন দাপ্তরিক কাজে ব্যবহার করতে পারছেন।

১০. Monthly Progress Report:

সওজ এর চলমান প্রজেক্টের অগ্রগতি অনলাইনে করা হয় এবং পাশাপাশি সওজ এর ওয়েব সাইটে প্রকাশ করা হয়।

১১. e-GP Report:

সওজ এর প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিস সমূহ e-GP এর মাধ্যমে দরপত্র আহবান করে আসছে। e-GP Report এ e-GP কার্যক্রমের হালনাগাদ তথ্য সওজ এর ওয়েবসাইটে প্রকাশিত হয়। ফলে সওজ এর উর্ধ্বতন কর্তৃপক্ষ e-GP কার্যক্রম সম্বন্ধে অবহিত হতে পারেন।

১২. Unified Toll Collection & Management System of RHD:

বর্তমানে সকল টোল প্লাজায় একই Software ব্যবহার প্রসঙ্গে Unified Toll Software কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ইতিমধ্যে মেঘনা গোমতী ও ঘোড়াশাল টোল প্লাজায় পাইলটিং সম্পন্ন হয়েছে। পর্যায়ক্রমে সকল টোল প্লাজায় Unified Software Installation করা হবে।

১৩. CMS (Central Management System):

অত্র দপ্তর ২০০৬ ইং থেকে CMS (Central Management System) ব্যবহার করে আসছে। CMS এর মাধ্যমে মাঠ পর্যায় থেকে তথ্য সমূহ হালনাগাদ করা হয়। CMS System Desktop based ছিল। বর্তমানে Web based CMS System এর কাজ চলমান। ডিসেম্বর ২০২২ থেকে Web based CMS চালু হবে।

১৪. মনিটরিং এ্যাপস

অত্র দপ্তরের জন্য সড়ক ও সেতু মনিটরিং কার্যক্রমের জন্য মনিটরিং এ্যাপস তৈরী করা হয়েছে। শুধুমাত্র একটি Smart Mobile ও সামান্য ডাটা অন থাকলে মাঠ পর্যায়ে পরিদর্শনের সময় Report তৈরী করতে সময় লাগবে না। Server এ Save করার Option আছে এবং পরবর্তীতে Report Print ও Mail করার Option আছে। এই এ্যাপসটি একটি মনিটরিং টুল হিসাবে ব্যবহার করা যায়।